

রংপুর পলিটেকনিকে একেকবার একেক

ফলাফল

শিক্ষার্থীদের সুড়ক অবরোধ

নিম্নে প্রতিবেদক, রংপুর ●

ফলাফল বিহীনতার কারণে রংপুর পলিটেকনিক ইনস্টিটিউটের শিক্ষার্থীরা গতকাল সোমবার সড়ক অবরোধ করে। পরে তারা ফলাফল পুনরায় ফর্জাইয়ের দাবিতে জেলা প্রশাসকের মাধ্যমে কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান বরাবর স্মারকলিপি দেয়।

গতকাল বেলা সাড়ে ১১টা থেকে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনের সড়ক শিক্ষার্থীরা এক ঘণ্টা অবরোধ করে রাখে।

ইনস্টিটিউট সূত্রে জানা গেছে, চতুর্থ পর্বের ফলাফল গত ৩ ডিসেম্বর প্রকাশিত হয়। ফলাফলে প্রতিষ্ঠানের দুই হাজার ৪০৫ জন শিক্ষার্থীর মধ্যে ৭০ জনের ফল ছিল না। গত ১১ ও ১৯ জানুয়ারি দুই সессিতে সংশোধনী ফলাফল পাঠানো হয়। সেই ফলাফলেও কিছু ত্রুটি থাকায় ইনস্টিটিউটের পক্ষ থেকে শিক্ষা বোর্ডকে বিষয়টি জানানো হয়। শেষে মত ৩১ জানুয়ারি সংশোধিত ফলাফল পাঠানো হয়। সেই ফলাফলে আগের ৭০ জন শিক্ষার্থীর মধ্যে ৪০ জনকে একত্রিক বিষয়ে অকৃতকার্য দেখানো হয়।

এ প্রসঙ্গে রংপুর পলিটেকনিক ইনস্টিটিউটের অধ্যক্ষ আন ম সালুউদ্দিন খান বলেন, 'প্রথম ফলাফলে ভুল ছিল। তা কয়েক দফায় ঠিকও হয়। ফলাফল নিয়ে কেন এমন হলো জানতে চাইলে তিনি বলেন, 'এই ভুল শিক্ষা বোর্ডের। তবে সেই ফলাফল গত ৩১ জানুয়ারি সংশোধিত হয়। এই ফলাফলের ব্যাপারেও শিক্ষার্থীদের অভিযোগ রয়েছে—এমন এক প্রশ্নের জবাবে অধ্যক্ষ বলেন, 'আগে তো জনৈক একদমই ফলাফল ছিল না। বর্তমান ফলাফলে কিছু শিক্ষার্থী শুধু অকৃতকার্য বিষয়ে পরীক্ষা দিলেই হবে।